যুগান্তর

তারিখ ... 24 JUN 2013 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

শাবিতে বিভিন্ন মেয়াদে ৫ শিক্ষার্থী বহিষ্কার : সতর্ক ৩ শিক্ষককে

শাবি প্রতিনিধি

ফেসবুকে অপপ্রচার, শিক্ষকদের সঙ্গে অশোভন আচরণ, শৃঙ্খলা ভঙ্গ এবং ছাত্রলীগের সাবেক প্রচারককে মারধরের ঘটনায় ছাত্রলীগ নেতাসহ পাঁচ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। একই প্রশ্নপত্র ফাঁস, সনদ জালিয়াতিসহ গুরুতর অভিযোগের সত্যতা থাকলেও তিন শিক্ষকের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়া হয়নি। যদিও তদন্তকমিটির প্রতিবেদনে জালিয়াতির সত্যতা পাওয়া গেছে। শিক্ষকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা না নিয়ে শুধু সতর্ক ও আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। শনিবার বিশ্ববিদ্যালয়ে ভিসি ভবনে বিকাল ৩টা থেকে রাত পর্যন্ত চলা ১৭৯তম সিন্ডিকেট মিটিংয়ে এ সিদ্ধান্ত নেয়া হয় বলে জানিয়েছেন সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. মোঃ কবির হোসেন।

জানা গেছে, ২০১২ সালে গুঞ্জিত তদন্ত কমিটির প্রতিবেদনে পলিটিক্যাল সায়েন্স বিভাগের শিক্ষক জহিরুল হক শাকিলের অভিজ্ঞতার জাল সনদের বিষয়টি প্রমাণিত হলেও বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি অধ্যাপক ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস সিন্ডিকেট মিটিংয়ে বিষয়টিকে গুরুত্বহীনভাবে উপস্থাপন করেন বলে অভিযোগ উঠেছে। অতীতে তদন্ত কমিটি শাকিলকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দেয়ার অভিযোগে তাকে এবার সুযোগ দেয়া হয়েছে এমনটাই বলছেন সংশ্লিষ্টরা। তবে জাল সনদের সত্যতার ব্যাপারে শাকিলকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়ার প্রয়োজন মনে করেননি বলে জানিয়েছেন তদন্ত কমিটির প্রধান অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন। যে প্রতিষ্ঠানের নামে অভিজ্ঞতার সার্টিফিকেট ইস্যু করা হয় সেই প্রতিষ্ঠানের প্রাপ্ত তথ্যের ভিত্তিতেই তিনি তদন্ত রিপোর্ট তৈরি করেছেন বলে উল্লেখ করেন।